



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ nhrc.bd@gmail.com

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/ -২৩৯/১৩- ৯৬

তারিখঃ ২৪ জুন ২০২০

প্রেস বিজ্ঞপ্তি-

গণমাধ্যমে প্রকাশিত অদ্য ২৪.৬.২০২০ তারিখের সংবাদে গৃহকর্মী খাদিজা নির্যাতন ঘটনায় মহামান্য হাইকোর্ট বিভাগের পূর্ণাঙ্গ রায় প্রকাশের বিষয়টি জাতীয় মানবাধিকার কমিশন অবহিত হয়। উল্লেখ্য ঘটনাটি গত ০৮.১২. ২০১৩ তারিখের এবং বর্তমান কমিশন ২০১৯ সালের সেপ্টেম্বরের শেষ সপ্তাহে গঠনের পর কার্যক্রম শুরু করে। গত ১১.১১.২০১৯ তারিখে গণমাধ্যমে প্রকাশিত সংবাদ থেকে গৃহকর্মী খাদিজা নির্যাতনের মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগের রায়ের বিষয়টি বর্তমান কমিশন অবহিত হয়। কমিশন পূর্ণাঙ্গ রায়ের জন্য অপেক্ষা করে গত ১২.১২.২০১৯ তারিখে মহামান্য হাইকোর্ট বিভাগের রায়ের সার্টিফাইড কপি প্রাপ্তির আবেদন করে।

অদ্য ২৪.০৬.২০২০ তারিখে ইলেকট্রনিক এবং প্রিন্ট মিডিয়ার মাধ্যমে কমিশন জানতে পারে উচ্চ আদালতের পূর্ণাঙ্গ রায় প্রকাশিত হয়েছে। মহামান্য আদালতের রায়ের কপি জাতীয় মানবাধিকার কমিশনে প্রাপ্তির পর রায়ের পর্যবেক্ষণ ও নির্দেশনা মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে।

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ
জনসংযোগ কর্মকর্তা
জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ